



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

জেলা পরিষদ, কুমিল্লা।

(www.comillazp.gov.bd)

স্মারক নং ৪৬.২০.১৯০০.০০১.১১.০২১.২২-

তারিখঃ

খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (জেলা পরিষদ অধিশাখা) এর ২৫-০১-২০২৩ খ্রিঃ তারিখের ৪৬.০৪২.০১১.০২.০০.০০২.২০১৪.১৫৩ নং স্মারকের ছাড়পত্রের প্রেক্ষিতে কুমিল্লা জেলা পরিষদের নিম্নবর্ণিত শূন্য পদ ২০১৫ সনের জাতীয় বেতন স্কেলে এবং “জেলা পরিষদ চাকুরী বিধিমালা ১৯৯০” এর নিয়োগ বিধি মোতাবেক নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা
১।	নিম্নমান সহকারী-কাম-মুদ্রাঙ্করিক/কম্পিউটার অপারেটর	০১(এক)	৯৩০০-২২৪৯০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫, গ্রেড -১৬)	১৮-৩০ বছর	উচ্চ মাধ্যমিক পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং ইংরেজি প্রতি মিনিটে ৪০ শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ৩০ শব্দ টাইপ করার যোগ্যতাসহ কম্পিউটার চালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকতে হবে।
২।	বার্তাবাহক	০১(এক)	৮২৫০-২০০১০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫, গ্রেড -২০)	১৮-৩০ বছর	অষ্টম শ্রেণি পাশ
৩।	অফিস সহায়ক	০১(এক)	৮২৫০-২০০১০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫, গ্রেড -২০)	১৮-৩০ বছর	অষ্টম শ্রেণি পাশ

শর্তাবলীঃ

- আবেদনকারীকে বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।
- আবেদনকারীকে সরকার কর্তৃক নির্ধারিত ০১ (এক) পাতার চাকরি আবেদন ফরমে আবেদন করতে হবে। উক্ত আবেদন ফরম জেলা পরিষদ, কুমিল্লার ওয়েব সাইট (www.comillazp.gov.bd) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইট (www.mopa.gov.bd) বা (www.forms.gov.bd) এ পাওয়া যাবে।
- আবেদনপত্র প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুমিল্লার বরাবরে আগামী ২৫-০৬-২০২৩খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে / সরাসরি জেলা পরিষদ, কুমিল্লা কার্যালয়ে পৌঁছাতে হবে।
- আবেদনকারীর বয়স ২৫-০৬-২০২৩ খ্রিঃ তারিখ ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। বীরমুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা, পুত্র/কন্যার পুত্র/কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর পর্যন্ত শিথিল যোগ্য। তবে তাদের দরখাস্তের সাথে আবশ্যিক প্রমাণ স্বরূপ পিতা / মাতার মুক্তিযোদ্ধা সনদপত্র (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত) ও প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে (সমাজ সেবা কার্যালয় কর্তৃক ইস্যুকৃত) সনদ পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের উপর মুক্তিযোদ্ধার সন্তান/প্রতিবন্ধী কথাটি লিখতে হবে। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি - ১শাখার ২২-৯-২০২২খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯নং স্মারকের নির্দেশনা মোতাবেক ২৫-৩-২০২০খ্রিঃ সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর নির্ধারিত হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র ও ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে:
 - প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতার সকল প্রকার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত ফটোকপি;
 - প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৪(চার) কপি পাসপোর্ট সাইজের ছবি ;
 - প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি;
 - সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ;
 - প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ;

(অঃ পৃঃ দ্রঃ)

৩